

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৬৮

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الأَنْصَارِيُّ، حَدَّتَنَا مَعْنُ، حَدَّتَنَا مَالِكُ، عَنْ سُمَيِّ، عَنْ أَبِي صَالِح، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحُدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ فِي يَوْمٍ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ فِي يَوْمٍ مِائَةَ مَرَّةٍ كَانَتْ لَهُ عِدْلَ عَشْرِ رِقَابٍ وَكُتِبَتْ لَهُ مِائَةُ حَسَنَةٍ وَمُحِيَتْ عَنْهُ مِائَةُ سَيِّئَةٍ وَكَانَ لَهُ حِرْزًا مِنَ الشَّيْطَانِ يَوْمَهُ ذَلِكَ حَتَّى يُمْسِي وَلَمْ يَأْتِ أَحَدٌ بِأَقْضَلَ مِمَّا جَاءَ بِهِ إِلاَّ أَحَدٌ عَمِلَ أَكْثَرَ مِنْ ذَلِكَ "

وَبِهَذَا الإِسْنَادِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ مِائَةَ مَرَّةٍ حُطَّتْ خَطَايَاهُ وَإِنْ كَانَتْ أَكْثَرَ مِنْ زَبَدِ الْبَحْرِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

৩৪৬৮. ইসহাক ইবন মুসা আনসারী (রহঃ) আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি (وَيُمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ لَا اللّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي ﴾ ـ এই কালিমা দিনে একশবার পাঠ করে তবে দশজন গোলাম স্বাধীন করা ছাওয়াব তার হবে এবং তার জন্য ১০০ নেকী লেখা হবে ১০০ গুনাহ মাফ করে দেওয়া হবে আর ঐদিন সন্ধ্যা পর্যন্ত তার জন্য শয়তান থেকে রক্ষার একটি উপায় বলে গন্য হবে। যে ব্যক্তি এই আমলটি সবচেয়ে বেশী করেছে সে ব্যতীত আর কোন ব্যক্তি তদপেক্ষা অধিক ফ্যীলত সম্পন্ন আমলের অধিকারী হবে না।

ু এই অংশ ব্যাতিত হাদিসটি সহিহঃ আল কালিমুত তাইয়্যিব তাহকিক ছানী পৃঃ ২৬, বুখারি ও মুসলিম ঐ অতিরিক্ত অংশ ব্যতীত, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৬৮ [আল মাদানী প্রকাশনী]

এই সনদেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আরো বর্ণিত আছে যে, তিনি বলেনঃ কেউ যদি একশবার "সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী" পাঠ করে তবে তার গুনাহ সমুদ্রের ফেনা অপেক্ষা বেশী হলেও তা মাফ করে



দেওয়া হবে। [সহীহ]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-সহীহ।

English

Abu Hurairah narrates that:

The Mesenger of Allah () said: "Whoever says: 'There is none worthy of worship except Allah, Alone, without partner, to Him belongs all that exists and to Him belongs the praise, He gives life and causes death, and He is Powerful over all things, (Lā ilāha illallāh, waḥdahu lā sharīka lahu, lahulmulku wa lahul-ḥamdu, yuḥyī wa yumītu, wa huwa `alā kulli shay'in qadīr)' a hundred times in a day, it will be for him the equivalent of freeing ten slaves, and there shall be written for him a hundred good deeds, and a hundred bad deeds shall be wiped out for him, and it will be a protection for him from Shaitan on that day, until he reaches the evening. And none has brought better than it, except for one who has done more than that." And with this chain, from the Prophet (), that he said: "Whoever says: 'Glory is to Allah, and with His Praise (Subḥān Allāh, wa biḥamdih)' a hundred times, his sins are forgiven, even if they were more than the foam of the sea."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন